

অধ্যক্ষের কার্যালয়
সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল
বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রকাশিত ভর্তি
বিজ্ঞপ্তি মনোযোগ সহকারে পড়ে ভর্তি
ফরম পূরণ করতে হবে।

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তির প্রাথমিক আবেদন ফরম জমা সংক্রান্ত বিজ্ঞপ্তি


সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের নিম্নে উল্লেখিত নিয়মানুসারে ভর্তির প্রাথমিক আবেদন ফরম কলেজের ভর্তি শাখায় জমা দিতে পারবে। ভর্তির আবেদন জমা সংক্রান্ত তথ্য ও বিবরণী নিম্নরূপ:

১. ভর্তির আবেদন করার নিয়মাবলী

- ক) আবেদনের জন্য আগ্রহী প্রার্থী ০২/০৮/২০২৩ থেকে ৩০/০৮/২০২৩ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে ভর্তি বিষয়ক Website www.nu.ac.bd/admissions-এ ভর্তির আবেদন ফরম প্রিন্ট করে ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে প্রাথমিক আবেদনের ফি জমা দিয়ে Txn Number লিখে কলেজের ভর্তি শাখায় ৩০/০৮/২০২৩ তারিখের মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতীত) অবশ্যই জমা দিতে হবে।
- খ) আবেদনকারীকে (Website www.nu.ac.bd/admissions) Degree Pass Tab-এ গিয়ে Apply Now (Degree Pass) অপশনে ক্লিক করতে হবে এবং Website-এ প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ভবিষ্যতে শিক্ষার্থীকে শিক্ষা সহায়ক সকল তথ্য প্রদানের ক্ষেত্রে এই মোবাইল নম্বরটি ব্যবহার করা হবে।
- গ) প্রাথমিক আবেদনের ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে জমা দিতে হবে। Rocket এর মাধ্যমে ফি পরিশোধের Txn Number আবেদন ফরমে লিখে কলেজের ভর্তি শাখায় জমা দিতে হবে।
- ঘ) ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে প্রাথমিক আবেদনের ফি জমা দেয়ার নিয়ম:

Biller ID	Bill Number
Biller ID এর জায়গায় 3288 লিখতে হবে।	Bill Number এর জায়গায় আবেদনের রোল নম্বর ও মোবাইল নম্বর লিখতে হবে।

- ঙ) আবেদন ফরমের সাথে এইচএসসি পাশের মার্কসীট ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি জমা দিতে হবে।


০২-০৮-২০২৩
প্রফেসর ড. মোহাম্মদ গোলাম কিবরিয়া
অধ্যক্ষ
সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল।